দৈনিক খবর

তারিখ ... 05 JAN 1991 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ...

# ছাত্র ঐক্য দশটি বিষয়ে ভাবী সরকারের কাছে নিশ্চয়তা চাইবে

॥ সাহেদ হোসেন চৌধুরী ॥

সর্বদলীয় ছাত্র ঐক্য শিক্ষানীতি, রাজনীতি এবং পররাষ্ট্র নীতিসহ ১০টি বিষয়ে ভবিষ্যৎ গণতান্ত্রিক সরকারের কাছে নিশ্চয়তা চাইবে। এ লক্ষ্যে ছাত্র ঐক্যের নেতৃবৃন্দ তিন জোট নেতৃবৃন্দের সাথে আলোচনা করে

৭-এর পাতায় দেখুন

# ছাত্র ঐক্য দশটি বিষয়ে

প্রথম পৃষ্ঠার পর

প্রতিশ্রুতি আদায় করার উদ্যোগ নিবেন- যাতে ভবিষ্যৎ সরকার তাদের দাবী মেনে নেয়। আগামী ১০ই জানুয়ারীর আগেই এই বৈঠক অনুষ্ঠিত হবে।

সর্বদলীয় ছাত্র ঐক্যের সাথে সংশ্লিষ্ট একটি নির্ভরযোগ্য সূত্র এ তথ্য জানিয়ে আরও বলেছে, এসব দাবীর ভিত্তিতেই অদূর ভবিষ্যতে সর্বদলীয় ছাত্র ঐক্যের ঐক্য টিকে থাকবে এবং সেই সাথে ছাত্র আন্দোলন পরিচালিত হবে।

ছাত্র ঐক্যভূক্ত একটি প্রভাবশালী ছাত্র সংগঠনের একজন নেতা জানান, সর্বদলীয় ছাত্র ঐক্য গড়ে উঠার পর আমাদের মধ্যে কোন সুনির্দিষ্ট দাবী ছিল না। স্বৈরাচারী গণধিকৃত এরশাদ সরকারের পতন ও গণতন্ত্র পুনরুদ্ধারের প্রশ্নে আমাদের ঐক্য গড়ে উঠে। আমাদের মূল লক্ষ্য অর্জিত হলেও দেশের পরিস্থিতি বর্তমানে খুবই নাজুক। এ মুহূর্তে সর্বদলীয় ছাত্র ঐক্যের ঐক্য টিকিয়ে রাখার কোন বিকল্প নেই। ঐক্য টিকিয়ে রাখা ও ভবিষ্যতে যে কোন ধরনের প্রতিকূল পরিস্থিতি মোকাবেলা করার জন্যে আমরা বিকল্প চিন্তা-ভাবনা করছি। ইতিমধ্যেই আমরা এ সম্পর্কিত ১০ দফা প্রণয়ন করেছি।

সূত্র জানায়, সর্বদলীয় ছাত্র ঐক্যের নেতৃবৃন্দ তাদের ১০ দফা দাবী প্রসঙ্গে তিন জোটের নেতৃবৃন্দের সাথে আলোচনা করবে। ছাত্র নেতৃবৃন্দ জোট নেতৃবৃন্দের কাছে তাদের দাবী আদায়ের ব্যাপারে পুরোপুরি প্রতিশ্রুতি চাইবে, যাতে জাতীয় সংসদ নির্বাচনের পর গঠিত গণতান্ত্রিক সরকার এসব দাবী পূরণে বাধ্য থাকে। তিন জোট নেতৃবৃন্দের সাথে আলাপ-আলোচনার আগে সর্বদলীয় ছাত্র ঐক্যের নেতৃবৃন্দ আজ শনিবার এক বৈঠকে বসে ১০ দফা দাবীনামার ভাষাগত পরিবর্তন করবে এবং জাতীয় প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনের মাধ্যমে ছাত্র নেতৃবৃন্দ এসব দাবী উত্থাপন করবেন। এর পরেই তিন জোট নেতৃবৃন্দের সাথে আলোচনা হবে। আগামী ১০ই জানুয়ারীর আগে এই বৈঠক অনুষ্ঠিত হবে।

সর্বদলীয় ছাত্র ঐক্য প্রণীত খসড়া ১০ দফা দাবীর মধ্যে রয়েছে- গণমুখী বিজ্ঞান ভিত্তিক অসাম্প্রদায়িক শিক্ষানীতি প্রবর্তন, সারাদেশে বৈষম্যমুক্ত অভিন্ন শিক্ষা ব্যবস্থা চালু, দশম শ্রেণী পর্যন্ত পর্যায়ক্রমে অবৈতনিক এবং বাধ্যতামূলক শিক্ষা ব্যবস্থা প্রবর্তন, জাতীয় আয়ের শতকরা ৮ ভাগ শিক্ষা খাতে বরাদ্দ, চাকরিতে নিয়োগের নিষেধাজ্ঞা প্রত্যাহার; নতুন কর্মসংস্থানের সৃষ্টি, শূন্যপদে নিয়োগ, চাকরির বয়সসীমা ৩০ বছর পর্যন্ত নির্ধারণ, বেকারদের বেকার ভাতা প্রদান, সকল অগণতান্ত্রিক সংশোধনী বাতিল করে স্বাধীনতা-উত্তরকালের '৭২-এর সংবিধান প্রবর্তন, স্বাধীন বিচার ব্যবস্থা ও আইনের শাসন চালু, সংবাদপত্রের স্বাধীনতা, প্রশাসনকে সাময়িকীকরণ প্রথা বন্ধ, বিশেষ ক্ষমতা আইন বাতিল, প্রেস এন্ড পাবলিকেশন্স এ্যাক্ট বাতিল, শ্রমিক-কর্মচারীদের ৫ দফা সমর্থন, বিরাষ্ট্রীয়করণ বন্ধ, কৃষক, ক্ষেতমজুর, বিভিন্ন পেশাজীবী ও উপজাতীয়দের ন্যায্য দাবীর প্রতি সমর্থন এবং স্বাধীন জোট নিরপেক্ষ পররাষ্ট্র নীতি গ্রহণ।